

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩.২২৪৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩০  
১৩ নভেম্বর ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ  
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: চলতি ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অভিপ্রায় অনুযায়ী চলতি ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০ ৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, নওগাঁ এর অনুকূলে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

- এ বরাদ্দকৃত অর্থ দ্বারা জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, মাননীয় সংসদ সদস্য, নওগাঁ-২, বাংলাদেশ জাতীয় সংসদ এর অভিপ্রায়/পরামর্শ অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
- এ ব্যয় চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- অর্থ বিভাগের গত ০৭ আগস্ট ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৯ নং স্মারক এবং ১৭ অক্টোবর ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৬১ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

- নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

প্রত্যয় হাসান

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২২২৩৩০৫৫৫৬৮

ই-মেইল: lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩.২২৪৯/১(২০)

তারিখ: ২৮ কার্তিক ১৪৩০  
১৩ নভেম্বর ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

- জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, মাননীয় সংসদ সদস্য, নওগাঁ-২, বাংলাদেশ জাতীয় সংসদ
- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দু. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
- চেয়ারম্যান, জেলা পরিষদ, নওগাঁ
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ জেলা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

প্রত্যয় হাসান

সিনিয়র সহকারী সচিব